

33

ঢাকা বিশ্ববিদ্যালয়

২১ এপ্রিল ১৮ কেন্দ্রে  
'খ' ইউনিটের  
ভর্তি পরীক্ষা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার । আগামী ২১ এপ্রিল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ রাজধানীর ১৮টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পরীক্ষা সম্পন্ন করার জন্য ইতোমধ্যে জারীয় প্রতিনিয়ত গ্রহণ করা হয়েছে। বুধবার কলা অনুষদ ডীন অধ্যাপক আমিনুল ইসলাম ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি সদস্যদের সাথে মত বিনিময়কালে পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন তথ্য জানান।

'খ' ইউনিট নামে পরিচিত কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের এ বছর এক হাজার পাঁচ শ'টি আসনের জন্য সাতেরো হাজার ত্রিশ জন পরীক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে। প্রতিটি আসনের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবে গড়ে ১১ দশমিক ৪০ জন ছাত্রছাত্রী। সকাল ১০টা থেকে ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার জন্য নির্ধারিত খাতা ছাড়া অতিরিক্ত কাগজ দেয়া হবে না। কলা অনুষদ কর্তৃক ঘোষিত সিটপ্যান অনুযায়ী ১ থেকে ১৬০০ রোল পর্যন্ত বেগম বদরুন্নেছা কলেজে, ১৬০১ থেকে ২৮০০ পর্যন্ত ঢাকা সিটি কলেজে, ২৮০১ থেকে ৪৮০০ পর্যন্ত ঢাকা কলেজে, ৪৮০১ থেকে ৭০২০ পর্যন্ত ইউডেন কলেজে, ৭০২১ থেকে ৮২২০ পর্যন্ত হোম ইকোনোমিক্স কলেজে, ৮২২১ থেকে ৮৫০০ পর্যন্ত সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে, ৮৫০১ থেকে ৮৯০০ পর্যন্ত কার্জন হল পরীক্ষা কক্ষে, ৮৯০১ থেকে ১০১৩৫ পর্যন্ত সায়েল এনেক্স ভবনে, ১০১৩৬ থেকে ১০৪৮৫ পর্যন্ত কার্জন হল পদার্থবিজ্ঞান বিভাগে, ১০৪৮৬ থেকে ১১০৪৫ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরিতে, ১১০৪৬ থেকে ১১২২৫ পর্যন্ত আধুনিক ভাষা ইনস্টিটিউটে, ১১২২৬ থেকে ১২০৫০ পর্যন্ত উদয়ন বিদ্যালয়ে, ১২০৫১ থেকে ১২৬০০ পর্যন্ত ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজে, ১২৬০১ থেকে ১৩০৮০ পর্যন্ত শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে, ১৩০৮১ থেকে ১৩৩৩০ পর্যন্ত বাণিজ্য ভবনে, ১৩৩৩১ থেকে ১৩৮৭০ পর্যন্ত লেকচার থিয়েটার ভবনে, ১৩৮৭১ থেকে ১৪৬৭০ পর্যন্ত ব্যবসা প্রশাসন ইনস্টিটিউটে এবং ১৪৬৭১ থেকে ১৭০৩০ পর্যন্ত কলাভবনে পরীক্ষা অনুষ্ঠিত হবে।